ভোরের কাগজ

তারিখ 31 JAN 20 3
পৃষ্ঠা ৭ কলাম ৪

# রংপুরে ১৩ কোটি টাকার শিক্ষা উন্নয়ন প্রকল্পের কাজ চলছে

শিক্ষা প্রকৌশল অধিদপ্তর রংপুর জেলায় ১২ কোটি ৮৪ লাখ টাকা ব্যয়ে বিভিন্ন উন্নয়ন প্রকল্প গ্রহণ করেছে। বিভিন্ন প্রকল্প ও রাজস্ব খাতের অধীনে উন্নয়ন কাজগুলো বাস্তবায়িত হচ্ছে।

১ কোটি ২২ লাখ ৯৭ হাজার ৬৩০ টাকা ব্যয়ে রংপুর জিলা স্কুলে ৫০০ আসনবিশিষ্ট অডিটোরিয়াম নির্মাণের কাজ শতকরা ৬৫ ভাগ শেষ হয়েছে। শিক্ষা অফিস চত্বরে ৫৯ লাখ ৬৬ হাজার ৬৩৩ টাকা ব্যয়ে শিক্ষা ভবন নির্মাণ কাজ শুরু হয়েছে। অধিদপ্তর নির্বাচিত কলেজসমূহ উন্নয়ন প্রকল্পের আওতায় ৮৮ লাখ ৫৪ হাজার টাকা ব্যয়ে বেগম রোকেয়া সরকারি কলেজ ও রংপুর মডেল কলেজের একাডেমিক ভবন নির্মাণের কাজ বাস্তবায়ন করছে। বেগম রোকেয়া সরকারি কলেজের কাজ সমাপ্তির পর্যায়ে এবং রংপুর মডেল কলেজের শতকরা ৬০ ভাগ কাজ সমাপ্ত হয়েছে।

২ কোটি ৮২ লাখ ৬২ হাজার ৫০০ টাকা ব্যয়ে রংপুর জেলার বিভিন্ন উপজেলায় ১৭টি বিদ্যালয়ের একাডেমিক ভবন নির্মাণ কাজ গ্রহণ করা হয়েছে। এর মধ্যে ৩টির নির্মাণ কাজ শেষ হয়েছে। বাকিগুলোর কাজ জুন মাসের মধ্যে শেষ হবে বলে আশা করা হচ্ছে। ১৪টি মাদ্রাসায় শ্রেণীকক্ষ নির্মাণের কাজ গ্রহণ করা হয়েছে। এর মধ্যে ৪টি মাদ্রাসার কাজ ইতিমধ্যেই শেষ হয়েছে। বাকিগুলোর কাজ জুন মাসের মধ্যে শেষ হবে বলে আশা করা যায়। এ ছাড়া ৩টি কলেজ, ৬টি স্কুল এন্ড কলেজ এবং ৮টি উচ্চ বিদ্যালয়ের উন্নয়ন কাজ শেষ হয়েছে। তথ্য বিবরণী।